



৪১ তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন



হুমায়রা সিদ্দিকা হুমাশা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq

ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার

বিষয়- আন্তর্জাতিক বিষয়াবলী

বিষয় কোড- ০০৭

সময়- ৩ ঘন্টা

[ডান দিকের সংখ্যা সংশিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

পূর্ণমান- ১০০

০১। সর্বাঙ্গিক উত্তর লিখুন:

৪×১০ = ৪০

- ক) ইসলামোফোবিয়া ধারণাটি সম্পর্কে লিখুন।
- খ) টিকা কূটনীতি বলতে কী বুঝেন?
- গ) বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে সমষ্টিগত নিরাপত্তা ব্যবস্থা কতখানি প্রাসঙ্গিক?
- ঘ) নিম্ন আয়ের দেশ থেকে উত্তরণের জন্য বাংলাদেশকে কী কী করতে হবে?
- ঙ) আন্তর্জাতিক সম্পর্কে anarchical society ধারণাটি আলোচনা করুন।
- চ) 'শ্যাডো প্যানডেমিক' সম্পর্কে আলোচনা করুন।
- ছ) চরম আবহাওয়ার ভয়াবহতাগুলো কী কী?
- জ) আন্তর্জাতিক বাণিজ্যে most favored nation বলতে কী বোঝায়?
- ঝ) আন্তর্জাতিক রাজনীতিতে 'মানবিক হস্তক্ষেপ' নীতিটি কী?
- ঞ) পৃথিবী কীভাবে সুনীল বা সমুদ্র অর্থনীতির ধারণার দিকে অগ্রসর হচ্ছে আলোচনা করুন।

০২। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দিন:

১৫×৩ = ৪৫

- (ক) আঞ্চলিক ও আন্তর্জাতিক রাজনীতিতে আফগানিস্তান থেকে মার্কিন সেনা প্রত্যাহারের সম্ভাব্য প্রভাব সম্পর্কে আলোচনা করুন।
- (খ) 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ'-এ যুক্ত হয়ে বাংলাদেশের ঋণের ফাঁদে পড়বার সম্ভাবনা নেই বলে বিশেষজ্ঞরা মত দিয়েছেন। মন্তব্যসহ আলোচনা করুন।
- (গ) রোহিঙ্গা সমস্যার দীর্ঘমেয়াদী সমাধানের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা তৈরি করুন।
- (ঘ) ভূ-রাজনীতির প্রেক্ষাপটে বঙ্গোপসাগরের গুরুত্ব আলোচনা করুন।

০৩। সাম্প্রতিককালে ভারতের আসাম রাজ্যে সরকারিভাবে তথাকথিত অবৈধ বাংলাদেশী খুঁজে বের করার যে প্রক্রিয়া শুরু হয়েছে, তার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের জন্য একটি নীতিপত্র তৈরি করুন।

১৫